গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd

**প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।**

সভাপতি : আলমগীর মুহম্মদ মনসুরুল আলম, মহাপরিচালক (গ্রেড-১), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
তারিখ : ২৯ মার্চ ২০২২
সময় : বিকাল ০৩:৩০ ঘটিকা
স্থান : হোপ কনফারেন্স কক্ষ (৩য় তলা), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

**আলোচ্য বিষয়:**

১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন;
২। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ/২০২২) অগ্রগতি পর্যালোচনা;
২। বিবিধ।

(সভার উপস্থিতি পরিশিষ্ট-ক)

সভাপতি, নৈতিকতা কমিটি ও মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সম্মতিক্রমে সভার কাজ আরম্ভ হয়। সভায় অতিরিক্ত মহাপরিচালকগণ, পরিচালকবৃন্দ এবং কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। পরিচালক (প্রশাসন) জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর কার্যক্রমগুলোর অগ্রগতি ধারাবাহিকভাবে উপস্থাপনের জন্য জনাব মোছাম্মদ রোখসানা হায়দার, শিক্ষা অফিসার (প্রশাসন) কে নির্দেশনা দিলে তিনি তা উপস্থাপন করেন। কার্যক্রমগুলো নিয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নের সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

<table>
<tr><th>ক্র:নং</th><th>বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th></tr>
<tr><td>১</td><td>বিগত সভার কার্যবিবরণী পাঠ অনুমোদন;</td><td>সভায় বিগত সভার কার্যবিবরণী উপস্থাপন করা হয়। কার্যবিবরণীতে কোনরুপ সংশোধন না থাকায় তা অনুমোদনের জন্য প্রস্তাব করা হয়।</td><td>কার্যবিবরণীতে কোনরুপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।</td></tr>
<tr><td>২</td><td>জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ/২০২২) অগ্রগতি পর্যালোচনা;</td><td>জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর ৩য় ত্রৈমাসিক অগ্রগতি সভায় উপস্থাপন করা হয়। কর্মপরিকল্পনা মোতাবেক নির্ধারিত সময়ের মধ্যে সভা, সেমিনার, কর্মশালাগুলো সমাপ্ত হওয়ায় মহাপরিচালক, সংশ্লিষ্টদের ধন্যবাদ জানান। সভায় পরিচালক (প্রশাসন) জানান যে, কোভিড-১৯ মোকাবেলায় মাঠপর্যায়ের সকল ক্ষেত্রে স্বাস্থ্যবিধি অনুসরণ করা ও বিদ্যালয় এবং প্রতিষ্ঠান পর্যায়ে পরিস্কার-পরিচ্ছন্নতা নিশ্চিত করা হচ্ছে। ১.৮ নং ক্রমিক মোতাবেক সরকারি কর্মকর্তা-কর্মচারীদের শুদ্ধাচার চর্চায় উৎসাহ প্রদানের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ হতে 'শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা ২০২১' জারি করা হয়েছে। গেজেটের আলোকে মাঠপর্যায় হতে কর্মকর্তা-কর্মচারী বাছাইয়ের কাজ চলমান রয়েছে মর্মে সভায় অবহিত করা হয়। মন্ত্রিপরিষদ বিভাগের 'শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা ২০২১' সভায় পর্যালোচনাপূর্বক ক্যাটাগরি ভিত্তিক নিম্নোক্ত ছকে কর্মচারী বাছাই করে বিভাগীয় উপপরিচালকদের প্রেরণের জন্য সভায় আলোচনা করা হয়।
<table>
<tr><th>ক্ষেত্র</th><th>মনোনীত কর্মচারীর শ্রেণী</th><th>নির্বাচিতগণের নাম, পদবি ও কর্মস্থল</th></tr>
<tr><td rowspan="4">ক্রমিক নং- ৩.২ : মন্ত্রণালয়/বিভাগ/রাষ্ট্রীয় প্রতিষ্ঠান প্রধান হতে</td><td>দপ্তর/সংস্থা প্রধানদের মধ্য হতে ০১ জন কর্মচারী</td><td>মন্ত্রণালয়</td></tr>
<tr><td>গ্রেড-২ হতে গ্রেড ০৯ ভুক্ত ০১ জন কর্মচারী</td><td>ঐ</td></tr>
<tr><td>গ্রেড-১০ হতে গ্রেড ১৬ ভুক্ত ০১ জন কর্মচারী</td><td>ঐ</td></tr>
<tr><td>গ্রেড-১৭ হতে গ্রেড ২০ ভুক্ত ০১ জন কর্মচারী</td><td>ঐ</td></tr>
</table>
</td><td>প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এ গৃহীত কার্যক্রমসমূহ সংশ্লিষ্ট সকলে নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পন্ন করবেন।<br>১.৮ নং ক্রমিক মোতাবেক সরকারি কর্মকর্তা-কর্মচারীদের শুদ্ধাচার পুরস্কার প্রদানের নিমিত্ত উপস্থাপিত ছক মোতাবেক তথ্য মাঠপর্যায়ে থেকে ১২ এপ্রিল ২০২২ তারিখের মধ্যে সংগ্রহ করতে হবে।<br>বাস্তবায়ন: বিভাগীয় উপপরিচালক (সকল), জেলা প্রাথমিক শিক্ষা অফিসার/পিটিআই সুপারিনটেনডেন্ট।</td></tr>
</table>

| | | |
|---|---|---|
| **ক্রমিক নং- ৩.৩ :** দপ্তর/সংস্থা নিজ নিজ কার্যালয় হতে | বিভাগ/আঞ্চলিক/জেলা পর্যায়ে প্রতিষ্ঠান প্রধানদের মধ্যে হতে ০১ জন | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর |
| | গ্রেড-২ হতে গ্রেড ০৯ ভুক্ত ০১ জন কর্মচারী | ঐ |
| | গ্রেড-১০ হতে গ্রেড ১৬ ভুক্ত ০১ জন কর্মচারী | ঐ |
| | গ্রেড-১৭ হতে গ্রেড ২০ ভুক্ত ০১ জন কর্মচারী | ঐ |
| **ক্রমিক নং- ৩.৪ :** মাঠ পর্যায়ের বিভাগীয়/ আঞ্চলিক কার্যালয় হতে | আঞ্চলিক/জেলা পর্যায়সমূহের প্রতিষ্ঠান প্রধানদের মধ্যে হতে ০১ জন কর্মচারী | বিভাগীয় কার্যালয় |
| | নিজ নিজ কার্যালয়ের গ্রেড ০৩ হতে গ্রেড ০৯ ভুক্ত ০১ জন কর্মচারী | |
| | নিজ নিজ কার্যালয়ের গ্রেড ১০ হতে গ্রেড ১৬ ভুক্ত ০১ জন কর্মচারী | |
| | নিজ নিজ কার্যালয়ের গ্রেড ১৭ হতে গ্রেড ২০ ভুক্ত ০১ জন কর্মচারী | |
| **ক্রমিক নং ৩.৪:** আঞ্চলিক/জেলা পর্যায়সমূহের হতে | নিজ নিজ কার্যালয়ের গ্রেড ০৩ হতে গ্রেড ০৯ ভুক্ত ০১ জন কর্মচারী | আঞ্চলিক/জেলা কার্যালয় |
| | নিজ নিজ কার্যালয়ের গ্রেড ১০ হতে গ্রেড ১৬ ভুক্ত ০১ জন কর্মচারী | |
| | নিজ নিজ কার্যালয়ের গ্রেড ১৭ হতে গ্রেড ২০ ভুক্ত ০১ জন কর্মচারী | |
| | আওতাধীন উপজেলা কার্যালয়সমূহের প্রধান/ গ্রেড ৪ হতে গ্রেড ০৯ ভুক্ত ০১ জন কর্মচারী | |

উপরের ছক মোতাবেক শুদ্ধাচার পুরস্কার নিমিত্ত বাছাই কার্যক্রম সম্পন্ন করে বিভাগীয় উপপরিচালকগণ আগামী ১২ এপ্রিল ২০২২ তারিখের মধ্যে কর্মকর্তাদের তথ্য ও প্রমানকসহ প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করবেন মর্মে সভায় আলোচনা করা হয়। প্রেরিত তথ্য ও প্রমানক অনুসারে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের নৈতিকতা কমিটি পুরস্কারের জন্য কর্মকর্তাদের নির্বাচন ও পুরস্কারের ব্যবস্থা গ্রহণ করতে পারেন মর্মে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

২.২ নং ক্রমিক মোতাবেক ৩য় ত্রৈমাসিকের অর্থাৎ জানুয়ারি-মার্চ/২০২২ পর্যন্ত নির্ধারিত প্রমাপ অনুযায়ী প্রকল্পসমূহের পিএসসি (PSC) ও পিআইসি (PIC) সভা আয়োজনের জন্য প্রকল্প পরিচালকগণকে ইতোপূর্বে অবহিত করা হয়েছে মর্মে সভায় অবহিত করা হয়। ৩য় ত্রৈমাসিকে প্রকল্পসমূহে পিআইসি (PIC) এর ০৪টি সভা এবং পিএসসি (PSC) এর ০২টি সভাসহ মোট ০৬টি সভা করা হয়েছে মর্মে জানানো হয়। ৪র্থ ত্রৈমাসিকে প্রমাপ অনুযায়ী মোট ২০টি পিআইসি (PIC) এবং ২০টি পিএসসি (PSC) সভাসহ মোট ৪০টি সভা নিশ্চিত করে প্রমানকগুলো প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণের জন্য সভাপতি ও মহাপরিচালক সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকগণকে অনুরোধ করেন।

২.২ নং ক্রমিকে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক ৪র্থ ত্রৈমাসিকে প্রমাপ অনুযায়ী অবশিষ্ট পিএসসি (PSC) এবং পিআইসি (PIC) এর সভাগুলো আয়োজন করে সর্বমোট (২০+২০)= ৪০টি সভা আয়োজন নিশ্চিত করতে হবে। বাস্তবায়ন: পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) ও প্রকল্প পরিচালক (সকল)।

৩। বিবিধ বিষয়ে আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন ।

আলমগীর মুহম্মদ মনসুরুল আলম
মহাপরিচালক (গ্রেড-১)
টেলিফোন: ০২-৫৫০৭৪৭৭৭
ফ্যাক্স: ৫৫০৭৪৯০৪
ই-মেইল: dgprimarybd@gmail.com

স্মারক নং- ৩৮.০১.০০০০.১০৭.০৫.০৩.২১ (পার্ট-২)- ৭২

তারিখ: ২৮ চৈত্র, ১৪২৮
০৩ মার্চ, ২০২২

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে:

১। পরিচালক/প্রকল্প পরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা (সকল) বিভাগ/ সিনিয়র সিস্টেম এ্যানালিস্ট (আইএমডি), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (ওয়েবসাইটের শুদ্ধাচার বক্সে আপলোড এর অনুরোধসহ)।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার/পিটিআই সুপারিনটেনডেন্ট (সকল)।
৫। মহাপরিচালক মহোদয় এর ব্যক্তিগত সহকারী, (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৬। অতিরিক্ত মহাপরিচালক/ অতিরিক্ত মহাপরিচালক পিডিইপি-৪ এর ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়গণের সদয় অবগতির জন্য)।
৭। অফিস কপি।

মো: বাহারুল ইসলাম
উপপরিচালক (প্রশাসন) ও
অতিরিক্ত দায়িত্ব (সংস্থাপন)